NYC HEALTH+ HOSPITALS

সবার জন্য ভ্যাকসিনেশন

COVID-19 বুস্টার শট

প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নগুলি

COVID-19 বুস্টার শট 12 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকের জন্য সুপারিশ করা হয় যারা পাঁচ মাস বা তারও আগে Pfizer বা Moderna ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পেয়েছেন, অথবা যারা দুই মাস বা তারও আগে Johnson & Johnson (J&J) ভ্যাকসিন পেয়েছেন।

বুস্টার শট কী?

বুস্টার শট হল একটি ভ্যাকসিনের ধারা শেষ করার পরে ঐ ভ্যাকসিনের আরেকটি অতিরিক্ত ডোজ এবং তা ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য ব্যবহৃত হয় কারণ সময়ের সাথে সাথে সুরক্ষা হ্রাস পেতে পারে (এটিকে ক্ষীয়মান প্রতিরোধ ক্ষমতা বলা হয়)।

কে বুস্টার শট নিতে পারবে?

Pfizer বা Moderna ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার 5 মাস পরে, 12 বছর কিংবা তার বেশি বয়সী প্রত্যেকেরই একটি বুস্টার শট গ্রহন করা উচিত।

একক ডোজের J&J ভ্যাকসিন নেওয়ার 2 মাস পরে, 18 বছর কিংবা তার বেশি বয়সী প্রত্যেকেরই একটি বুস্টার শট গ্রহন করা উচিত।

বুস্টার শট কেন সুপারিশ করা হয়?

COVID-19 ভ্যাকসিন এখনও COVID-19-এর কারনে সৃষ্ট গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি, এবং মৃত্যু প্রতিরোধে কার্যকর। তবে, কিছু গবেষণা দেখায় যে Pfizer এবং Moderna ভ্যাকসিন থেকে সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষা প্রায় 5 মাস বা J&J ভ্যাকসিন থেকে প্রায় 2 মাস পরেই কমা শুরু করতে পারে। একটি বুস্টার শট COVID-19 সংক্রমন কিংবা গুরুতর COVID-19 জনিত অসুস্থতার বাড়তি ঝুঁকিতে রয়েছেন এমন লোকদের অতিরিক্ত সুরক্ষা প্রদান করতে পারে, বিশেষত আমাদের কমিউনিটিতে ডেল্টা ভ্যারিয়েন্টের ঘুরে বেড়াচ্ছে এমন মূহুর্তে।

কোন চিকিৎসগত অবস্থা (মেডিক্যাল কন্ডিশন) গুরুতর COVID-19 জনিত অসুস্থতার ঝুঁকি বাড়ায়?

গুরুতর COVID-19-এর ঝুঁকি বাড়ায় এমন চিকিৎসা অবস্থাগুলির (মেডিক্যাল কন্ডিশন) মধ্যে রয়েছে ডায়াবেটিস, হৃদরোগ, দীর্ঘস্থায়ী কিডনি রোগ, দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ, লিভারের রোগ, ক্যান্সার, ডিমেনশিয়া, HIV এবং গর্ভাবস্থা। সম্পূর্ণ তালিকার জন্য দেখুন: cdc.gov/coronavirus/2019-ncov/need-extra-precautions/people-with-medical-conditions.html

কাদের কর্মক্ষেত্রে বা অন্য কোনো ব্যাবস্থায় COVID-19-এর সংস্পর্শে আসার ঝুঁকি বেশি?

যে চাকরিগুলি COVID-19-এর সংস্পর্শে আসার ঝুঁকি বাড়াতে পারে সেগুলোর মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা কর্মী, শিক্ষক, ডে কেয়ার স্টাফ এবং রেস্তোরাঁ ও মুদি দোকানের কর্মী। অন্যান্য ব্যাবস্থা যেখানে সংস্পর্শে আসার ঝুঁকি বেশি থাকতে পারে সেগুলির মধ্যে রয়েছে গৃহহীনদের আশ্রয় এবং কারাগার।

আমার বুস্টার শট দরকার কিনা আমি কিভাবে জানব?

আপনার বুস্টার শট নেওয়া উচিত কিনা সে সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। আপনার যদি একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী খুঁজে পেতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 311 নম্বরে কল করুন বা 212-COVID-19 (212-268-4319) নম্বরে কল করুন এবং আপনি যোগ্য কিনা তা জানতে একজন নার্সের সাথে কথা বলুন।

চলমান ▶

যারা গর্ভবতী, স্তন্যপান করাচ্ছেন বা গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন তারা কি বুস্টার পেতে পারেন?

গর্ভবতী এবং সম্প্রতি গর্ভবতী হওয়া ব্যক্তিদের মধ্যে গর্ভবতী নন এমন ব্যক্তিদের তুলনায় COVID-19 জনিত গুরুতর অসুস্থতা বিকাশের ঝুঁকি বেশি। গর্ভবতী ব্যক্তিদের COVID-19-এর বিরুদ্ধে ভ্যাকসিন নেওয়া উচিত। গর্ভবতী ব্যক্তিরা যোগ্যতার মানদণ্ড পূরণ করলে, তাদের একটি বুস্টার পাওয়া উচিত।

বুস্টার শট নেওয়ার ঝুঁকিগুলো কী?

অনেক লোক যারা Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি ডোজ বা J&J ভ্যাকসিনের একক ডোজ পেয়েছেন, তাদের ক্ষেত্রে বুস্টার শট পাওয়ার সুবিধাগুলি যেকোনো ঝুঁকিকে ছাড়িয়ে যায়। এখনও অবধি, একটি বুস্টার শট নেওয়ার পরে রিপোর্ট করা প্রতিক্রিয়াগুলি প্রাথমিক ডোজগুলির মতই একই রকম ছিল। ক্লান্তি এবং বাহুতে ব্যথা ছিল সবচেয়ে বেশি রিপোর্ট করা পার্শ্বপ্রতিক্রিয়া। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়া ছিল হালকা থেকে মাঝারি।

বুস্টার কি প্রথম দুটি ডোজের মতই একই ভ্যাকসিন শট?

হ্যাঁ। বুস্টার শটটি প্রথম দুটি Pfizer বা Moderna ডোজ বা একক J&J ডোজগুলির প্রতিটির মতো একই ভ্যাকসিন। Moderna বুস্টারের ক্ষেত্রে আবার, মাত্র প্রথম দুটি ডোজে যা দেওয়া হয় তার অর্ধেক।

আমার বুস্টার শটের ব্র্যান্ডটি কি আমার প্রথম প্রাপ্ত ভ্যাকসিনের একই ব্র্যান্ডের হওয়া দরকার?

ভ্যাকসিন নেওয়া ব্যক্তিদের তাদের বুস্টার হিসেবে প্রাথমিকভাবে যে ভ্যাকসিনটি পেয়েছিলেন সেই একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা উচিত, তবে তাদের কাছে অন্য দুটি ভ্যাকসিনের যেকোন একটিতে পরিবর্তন করার সুযোগ রয়েছে।

আমার কখন বুস্টার শট নেওয়া উচিত?

আপনার বয়স 12 বছর বা তার বেশি হলে, আপনি Pfizer বা Moderna ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়ার 5 মাস পরেই আপনার একটি বুস্টার শট নেওয়া উচিত। আপনার বয়স 18 বছর বা তার বেশি হলে, আপনি একক ডোজের J&J ভ্যাকসিনের প্রাথমিক ডোজটি পাওয়ার 2 মাস পরেই আপনার একটি বুস্টার শট নেওয়া উচিত।

আমাদের যদি একটি বুস্টার শটের প্রয়োজন হয়, তার মানে কি এই যে ভ্যাকসিনগুলি কাজ করছে না?

না, COVID-19 ভ্যাকসিনগুলি গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং মৃত্যু প্রতিরোধে ভাল কাজ করছে, এমনকি ব্যাপকভাবে ছড়িয়ে পড়া ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধেও। তবে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সুরক্ষায় হালকা হ্রাস দেখতে শুরু করেছেন, বিশেষত নির্দিষ্ট কিছু জনগোষ্ঠীর মধ্যে। আমি কোথায়

একটি বিনামূল্যে বুস্টার শট পেতে পারি?

Pfizer এবং J&J বুস্টার শটগুলি NYC Health + Hospitals সিস্টেমের 11টি হাসপাতালে পাওয়া যাবে। Moderna বুস্টার শট যেকোনো NYC Health + Hospitals/Gotham Health সাইটে পাওয়া যাবে। যেখানে আপনি Pfizer বা Moderna ভ্যাকসিনের প্রথম দুটি ডোজ বা J&J ভ্যাকসিনের একক ডোজটি পেয়েছেন আপনাকে সেই একই জায়গাতেই যেতে হবে না। আপনার বুস্টারের জন্য যেকোনো NYC Health + Hospitals-এর গুরুতর যত্নের হাসপাতাল বা NYC Health + Hospitals/ Gotham Health সাইটে যান অথবা অনেকগুলো ভাষায় সাহায্যের জন্য 1-877-829-4692 নম্বরে কল করুন।

আমি কি অন্যান্য ভ্যাকসিনের (যেমন ফ্লু ভ্যাকসিন) পাশাপাশি একই সময়ে একটি বুস্টার শটও পেতে পারি?

হ্যাঁ। অন্যান্য ভ্যাকসিনের পাশাপাশি একই সময়ে কিংবা আগে বা পরে যেকোনো সময় বুস্টার শট নেওয়া নিরাপদ। আপনি যদি এখনও আপনার ফ্লু শটটি না পেয়ে থাকেন, উভয়ই NYC Health + Hospitals-এর গুরুতর যত্নের হাসপাতালের অবস্থানসমূহে পাওয়া যাবে।

সম্পূর্ণরূপে ভ্যাকসিনের আওতায় আসার জন্য আমার কি একটি বুস্টার শট দরকার?

না। দুই ডোজ ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়ার দুই সপ্তাহ পরেই লোকদের সম্পূর্ণরূপে ভ্যাকসিনপ্রাপ্ত বলে ধরে নেওয়া হয় (যেমন Pfizer বা Moderna) বা একক ডোজের J&J ভ্যাকসিনের দুই সপ্তাহ পর।

বুস্টার শটকে কি বাধ্যতামূলক করা হবে?

স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য নিউ ইয়র্ক স্টেট ভ্যাকসিন প্রদান আদেশ শুধুমাত্র প্রথম এবং দ্বিতীয় ডোজগুলির ক্ষেত্রে প্রযোজ্য। আদেশটিতে বুস্টার শট অন্তর্ভুক্ত নেই।

শিশুদের জন্য কি বুস্টার শট সুপারিশ করা হয়?

এই মূহুর্তে, 12 এবং তার বেশি বয়সী প্রত্যেককেই একটি বুস্টার শট গ্রহণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। 12-17 বছর বয়সী যেসব ব্যক্তিরা 5 মাসেরও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারা কেবল Pfizer-এর বুস্টার শটের জন্যই যোগ্য। 5-11 বছর বয়সী কিছু কিছু ইমিউনোকম্প্রোমাইজড শিশুরা তাদের দ্বিতীয় শট নেওয়ার 28 দিন পর Pfizer ভ্যাকসিনের অতিরিক্ত ডোজ পেতে পারে।

NYC HEALTH+ HOSPITALS

Published: 1/7/2022
Bengali